দৈনিক বাংলা

তারিখ ... ৮/৯/৯২ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

20

# আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

।। স্টাফ রিপোর্টার ।।

আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। জাতিসংঘ ঘোষিত এই দিবসটি বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে।

(৫-এর পৃঃ দ্রঃ)

## আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

(প্রথম পৃঃ পর)

বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন দিবসটি পালনের জন্য বিস্তারিত কর্মসূচী গ্রহণ করেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের গণশিক্ষা কার্যক্রম ও বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের যৌথ উদ্যোগে আজ সকাল দশটায় জাতীয় যাদুঘর মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন যথাক্রমে শিক্ষামন্ত্রী প্রফেসর এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী এবং শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান।

বাংলাদেশ সাক্ষরতা সমিতি এ উপলক্ষে আজ বিকাল পাঁচটায় নায়েম মিলনায়তনে (ঢাকা কলেজের পেছনে) "আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের তাৎপর্য ও বাংলাদেশে সবাই জন্য শিক্ষা" শীর্ষক এক সেমিনারের আয়োজন করেছে। শিক্ষামন্ত্রী প্রফেসর এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী সেমিনারে প্রধান অতিথি এবং তথ্য প্রতিমন্ত্রী নূরুল হুদা ও শিক্ষা সচিব আ ন ম ইউসুফ বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন। সমিতির জাতীয় উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান জনাব কাজী ফজলুর রহমান অনুষ্ঠান সভাপতিত্ব করবেন।

বাংলাদেশ জাতিসংঘ সমিতি এ উপলক্ষে আজ বিকাল পাঁচটায় ডঃ মুহম্মদ শহীদুল্লাহ আদর্শ বিদ্যাপীঠ মিলনায়তনে (মিরপুর সেকশন ১২/এ, সড়ক নং-৫) এক আলোচনা সভার আয়োজন করেছে। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসাবে উপস্থিত থাকবেন বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দীন।

লায়ন্স ক্লাব অব ঢাকা সেন্ট্রাল দিবসটি পালনের জন্য আজ সকাল সাড়ে নয়টায় জাতিসংঘ তথ্য কেন্দ্র মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করেছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন যথাক্রমে শিক্ষা সচিব আ ন ম ইউসুফ এবং ঢাকাস্থ ইউনিসেফ প্রতিনিধি মিঃ কোল পি ডজ।

লায়ন্স ক্লাব জেলা ৩১৫-বি সন্ধ্যা সাতটায় হোটেল পূর্বাণীতে আলোচনা সভার আয়োজন করেছে। সভায় প্রধান অতিথি থাকবেন জাতীয় সংসদের স্পীকার জনাব আবদুর রহমান বিশ্বাস এবং মূল বক্তা থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ডঃ আনিসুজ্জামান।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে রোটারী ক্লাব অব ঢাকা কসমোপলিটন-এর কর্মসূচীর মধ্যে রয়েছে মোহাম্মদপুরে বঙ্গবন্ধু সরকারী প্রাথমিক বিদ্যালয়ে রোটারী গণশিক্ষা কেন্দ্রের উদ্বোধন, এবং মোহাম্মদপুর তাজমহল রোড থেকে সাক্ষরতা র‍্যালী।

জাতীয় সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে বিকাল পাঁচটায় সংস্থার নিউ ইস্কাটন রোডস্থ কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

ইন্টারন্যাশনাল পেন পলস ক্লাবের উদ্যোগে বিকাল সাড়ে চারটায় জাতিসংঘ তথ্য কেন্দ্র মিলনায়তনে "নিরক্ষরতা দূরীকরণে তরুণ সমাজের ভূমিকা" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হবে। তথ্য প্রতিমন্ত্রী নূরুল হুদা সেমিনারে প্রধান অতিথি থাকবেন।

আহসানিয়া মিশন বিকাল পাঁচটায় জাতিসংঘ তথ্য কেন্দ্র মিলনায়তনে এ উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করেছে। জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী ডঃ খোন্দকার মোশাররফ হোসেন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন।

জননাট্য সংঘ এ উপলক্ষে বিকাল পাঁচটায় রামপুরা ব্রীজের পাশে শিক্ষামূলক খোলা নাটক পরিবেশন করবে।